

প্রশাসন পরিদপ্তর

নম্বর: ৩০.৩৪.০০০০.০৯৪.০১.০০৬.২০.১১২

তারিখ: ৯ ভাদ্র ১৪২৭

২৪ আগস্ট ২০২০

প্রশাসনিক আদেশ নম্বর: ৪৫/২০২০

অভ্যন্তরীণ স্টেশনে বদলী সংক্রান্ত নীতিমালা।

কর্মকর্তা/কর্মচারীদের (মহিলা/পুরুষ) অভ্যন্তরীণ স্টেশনে বদলীর বিষয়ে নিম্নোক্ত নীতিমালা অনুসরণীয় হবে:

- ক) সকল অভ্যন্তরীণ স্টেশনে স্থায়ী বদলীর মেয়াদকাল ০৩ (তিন) বৎসর বহাল থাকবে।
- খ) বদলীকৃত কর্মকর্তা/কর্মচারী ০৬ (ছয়) দিন যোগদানজনিত ছুটি ভোগ করতে পারবেন।
- গ) বদলীকৃত কর্মকর্তা/কর্মচারী নিজ এবং পরিবারের সদস্যগণ সফরসংগী হলে (স্বামী/স্ত্রী ও সন্তানদের জন্য) বিমানে NOSUB-1 ভিত্তিতে ১০০% রেয়াতী হারে One way passage বর্তমান কর্মস্থল হতে বদলীকৃত স্থান পর্যন্ত প্রাপ্য হবেন।
- ঘ) বদলীকৃত কর্মকর্তা/কর্মচারী নিজ এবং পরিবারের সদস্যগণ সফরসংগী হলে নিম্নবর্ণিত হারে বিমানযোগে মালামাল বহন করতে পারবেন, যা সহজেই বিমানে উঠা-নামা করা যায়:

ক্রঃ নং	বেতন বিভাগ	বিবাহিত এবং পরিবারের সদস্যগণ সফরসংগী থাকলে	অবিবাহিত অথবা সফর সংগী না থাকলে
১.	৭ম এবং তদুর্ধ্ব	৩৬৫কেজি	২৭৫কেজি
২.	৪র্থ, ৫ম এবং ৬ষ্ঠ	২৭৫কেজি	১৮৫কেজি
৩.	৩য় এবং নিম্নের	১৮৫কেজি	১৪০কেজি

- ঙ) বদলীকৃত কর্মকর্তা/কর্মচারী নিজ এবং পরিবারের সদস্যগণ সফরসংগী হলে নিম্নবর্ণিত হারে রেল/স্টীমার/সড়কপথে মালামাল বহন করতে পারবেন, যা সহজেই উঠা-নামা করা যায়:

ক্রঃ নং	বেতন বিভাগ	বিবাহিত এবং পরিবারের সদস্যগণ সফরসংগী থাকলে	অবিবাহিত অথবা সফর সংগী না থাকলে
১.	৭ম এবং তদুর্ধ্ব	২২৪০কেজি	১৫০০কেজি
২.	৪র্থ, ৫ম এবং ৬ষ্ঠ	১১২০কেজি	৭৫০কেজি
৩.	৩য় এবং নিম্নের	৫৬০কেজি	৪৫০কেজি


- চ) বদলীকৃত কর্মকর্তা/কর্মচারী নিজ এবং পরিবারের সদস্যগণ সফরসংগী হলে নিম্নবর্ণিত হারে সেটেলিং ভাতা প্রাপ্য হবেন:

ক্রঃ নং	বেতন বিভাগ	বিবাহিত এবং পরিবারের সদস্যগণ সফরসংগী থাকলে	অবিবাহিত অথবা সফর সংগী না থাকলে
১.	বেতনক্রম-৭ (প্রশাঃ) ও তদুর্ধ্বের কর্মকর্তা এবং প্রকৌশল কর্মকর্তা বেতনক্রম-৭ (কারিগরি) ও তদুর্ধ্ব।	৩,৯১০/- বদলী প্রতি	৩,১২০/- বদলী প্রতি

২.	বেতনক্রম-৬(প্রশাসন) ও প্রকৌশল কর্মকর্তা বেতনক্রম-৬ (কারিগরি)/বেতনক্রম-৪ ও ৫ এর কর্মচারী (প্রশাসন ও কারিগরি)।	৩,১২০/- বদলী প্রতি	২,৩৪০/- বদলী প্রতি
৩.	বেতনক্রম-৩ ও নিম্নের কর্মচারী (প্রশাসন ও কারিগরি)	২,৩৪০/- বদলী প্রতি	১,৫৬০/- বদলী প্রতি

ছ) কোম্পানির প্রয়োজনে যে কোন সময়ে যে কোন ব্যক্তিকে ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয়ের অনুমোদনক্রমে বদলীর বিষয় বিবেচনা করা যাবে।

০২। এ'আদেশ প্রশাসনিক আদেশ নম্বর: ০৩/১৯৯৭ তারিখ: ২৬/০২/১৯৯৭, প্রশাসনিক আদেশ নম্বর: ১৪/১৯৯৯ তারিখ: ০৭/১১/১৯৯৯, প্রশাসনিক আদেশ নম্বর: ০৬/২০০২ তারিখ: ০৩/০৮/২০০২, প্রশাসনিক আদেশ নম্বর: ১৭/২০০৬ তারিখ: ২০/১১/২০০৬, প্রশাসনিক আদেশ নম্বর: ১০/২০০৮ তারিখ: ২৮/০৪/২০০৮, প্রশাসনিক আদেশ নম্বর: ১৬/২০০৮ তারিখ: ১০/০৯/২০০৮, প্রশাসনিক আদেশ নম্বর: ১৫/২০১১ তারিখ: ১১/০৫/২০১১, প্রশাসনিক আদেশ নম্বর: ১৯/২০১৫ তারিখ: ০২/১১/২০১৫ এবং প্রশাসনিক আদেশ নম্বর: ০৩/২০১৯ তারিখ: ০৭/০৩/২০১৯ বাতিলকরতঃ জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।



২৪-৮-২০২০


জিয়াউদ্দীন আহমেদ
পরিচালক প্রশাসন

নম্বর: ৩০.৩৪.০০০০.০৯৪.০১.০০৬.২০.১১২/১(১২৯)

তারিখ: ৯ ভাদ্র ১৪২৭
২৪ আগস্ট ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) পরিচালক (সকল)।
- ২) মহাব্যবস্থাপক (সকল)/অধ্যক্ষ, বিএটিসি/হিসাব নিয়ন্ত্রক/চিফ অফ ট্রেনিং/চিফ অফ টেকনিক্যাল/চিফ অফ ফ্লাইট সেফটি/চিফ অফ সিডিউলিং এন্ড প্ল্যানিং/প্রধান প্রকৌশলী (সকল)/কোম্পানি সেক্রেটারি/প্রধান চিকিৎসক।
- ৩) সংশ্লিষ্ট উপ-মহাব্যবস্থাপক/উপ-প্রধান প্রকৌশলী (সকল)/প্রধান প্রশিক্ষক/আইটি।
- ৪) ব্যবস্থাপনা পরিচালক-এর ব্যবস্থাপক সমন্বয় -ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৫) সংশ্লিষ্ট ব্যবস্থাপক/ জেলা ব্যবস্থাপক/ স্টেশন ব্যবস্থাপক (সকল), বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিঃ।
- ৬) ইনচার্জ (সকল) প্রশাসনিক সেল-সংশ্লিষ্ট দপ্তর/পরিদপ্তর/বিভাগ/উপ-বিভাগ/শাখাকে অবহিতপূর্বক সংরক্ষণের জন্য।
- ৭) নোটিশ বোর্ড।



২৪-৮-২০২০

জিয়াউদ্দীন আহমেদ
পরিচালক প্রশাসন